পৃষ্ঠা : ১৬ কলাম : ৪

ড. আফতাব স্মরণসভায় আইনমন্ত্রী

# তারাই মেরেছে যারা তাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে থাকতে দেয়নি

যায়যায়দিন রিপোর্ট

রাষ্ট্রবিজ্ঞানী ড. আফতাব আহমাদকে রাজনৈতিক উদ্দেশ্যে হত্যা করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে যারা তাকে থাকতে দেয়নি তারাই তাকে হত্যা করেছে। গতকাল শনিবার প্রফেসর ড. আফতাব আহমাদ স্মরণে ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন মিলনায়তনে প্রগতিশীল চেতনা

পৃ৪ » ক৮

## তারাই মেরেছে

*(শেষ পৃষ্ঠার পর)*

পরিষদ আয়োজিত আলোচনা সভা ও ইফতার অনুষ্ঠানে এসব কথা বলেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ।

ব্যারিস্টার মওদুদ বলেন, স্বাধীনতা-পরবর্তী দুর্যোগময় সময়ে আওয়ামী লীগের বিরুদ্ধে কথা বলার মতো যে কয়জন লোক ছিলেন প্রফেসর আফতাব ছিলেন তাদের অন্যতম। ষড়যন্ত্রকারীরা তাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠুভাবে কাজ করতে দেয়নি। যারা তার দেশপ্রেম সহ্য করতে পারেনি তারাই তাকে হত্যা করেছে। তিনি বলেন, অপরাধীদের দ্রুত খুঁজে বের করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় একটি বিশেষ টিম গঠন করেছে। আশা করা যায় এ সরকারের আমলেই খুনিদের আটক করা সম্ভব হবে।

সভায় উপস্থিত ছিলেন সাংবাদিক সাদেক খান, গিয়াস কামাল চৌধুরী, মাসুদ মজুমদার, জামায়াতে ইসলামের সহকারী সম্পাদক আঃ কাদের মোল্লা, প্রগতিশীল চেতনা পরিষদের আহ্বায়ক সেলিম উদ্দিন প্রমুখ। সভাপতিত্ব করেন সাবেক সচিব শাহ আবদুল হান্নান।